# www.priofaridpur.com



**মৃনাল সেন**

**১৯২৩ সালে**

**ফরিদপুর শহরের ঝিলটুলী**

ভারতীয় বাংলা চলচিত্রের জীবন্ত কিংবদন্তী মৃনাল সেন। তিনি জীবন ধর্মী পরিচালক হিসাবে খ্যাত। একজন বাস্তববাদী লেখকের ন্যায় জীবনের ডকুমেন্টারি তার ছবির প্রতিপাদ্য বিষয়। মূলত তিনি একজন মার্কসবাদী ব্যাক্তিত্ব। ছাত্র অবস্থায় তিনি কমিউনিস্ট পার্টিতে যোগদেন। তিনি কলকাতায় স্কটিশ চার্চ কলেজ এবং পরে কলকাতা বিশ্ববিদ্যালয়ে পদার্থ বিজ্ঞান বিষয়ে পড়াশুনা করেন। বিশ্ববিদ্যালয় থেকে পাশ করার পর তিনি একজন সাংবাদিক হিসাবে তার কর্মজীবন শুরু করেন। এরপর তিনি একটি ঔষুধ কোম্পানীতে মাকেটিংএর কাজ করেন। এ সময় তিনি চলচিত্রের প্রতি আগ্রহী হয়ে উঠেন এবং প্রথমে তিনি চলচিত্রের একজন সাউন্ডম্যান এর কাজ শুরু করেন। তারপর আস্তে আস্তে তিনি চলচিত্র পরিচালনা শুরু করেন। ১৯৫৫ সালে তিনি ‘রাতভোর’ নামে একটি চলিচিত্র নির্মান করেন। ছবিটা দর্শক মহলে তেমন একটা প্রশংসা পায়নি। এরপর তিনি নির্মাণ করলেন তার দ্বিতীয় ছবি নীল আকাশের নীচে। এছবিটা স্থানীয়ভাবে বেশ সমাদৃত হয়। এরপর আস্তে আস্তে নির্মান করলেন ভুবন সোম, ক্যালকাটা, পদাতিক যা তাকে একজন আন্তর্জাতিক পরিচালকের খ্যাতি এনে দিয়েছিলো। তিনি আন্তর্জাতিক চলচিত্র পুরস্কার পেয়েছিলেন বেশ কয়েকবার। বাংলা ছাড়াও তিনি হিন্দি ও তেলেগু ভাষায় চলচিত্র নির্মান করেন। ১৯৮১ সালে তার অবদানের স্বীকৃতি স্বরুপ ভারত সরকার তাকে পদ্মভুষন পুরস্কারে ভূষিত করে